গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mor.gov.bd

# বাংলাদেশ রেলওয়ের নিরাপত্তা সংক্রান্ত জনসচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রমের আওতায় গঠিত কমিটির সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: মজিবুর রহমান<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| তারিখ | : | ২৯.১০২০১৯ |
| সময় | : | সকাল ১০.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | অতিরিক্ত সচিব (প্রশাসন) এর অফিস কক্ষ, রেলভবন, ঢাকা |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক' |

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন যে, বাংলাদেশ রেলওয়ের নিরাপত্তা সংক্রান্ত জনসচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম সংক্রান্ত কমিটির সভাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং ইহা Annual Performance Agreement (APA) এর নির্দেশিকার বাস্তবায়নের একটি অংশ। নতুন রেললাইন নির্মাণ, পুরাতন রেললাইন সংস্কার, বিরতিহীন ট্রেন চালুকরণ, সহজ টিকেট ব্যবস্থার প্রবর্তন প্রভৃতি কারনে রেল যাত্রীগণের রেল ভ্রমনের প্রতি আগ্রহ বৃদ্ধি পেয়েছে। রেল সাশ্রয়ী নিরাপদ এবং আনন্দদায়ক বাহন হিসেবে জনবিদীত। তিনি যাত্রীদের জান-মালের সিদ্ধানের নিরাপত্তায় সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার অনুরোধ করেন। অত:পর সভাপতি গত সভায় সিদ্ধান্তসমূহ পর্যালোচনা করে তার অগ্রগতির বিষয়ে আলোচনার জন্য সভায় কার্যপত্র উপস্থাপনের অনুরোধ জানান।

০৩। সভাপতির আহবানে সিনিয়র সহকারী সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়। এ পরিপ্রেক্ষিতে রেলওয়ে পুলিশের ডিআইজি জানান যে, ইতোমধ্যে রেলওয়ে পুলিশ রেলওয়ে স্টেশনসমূহে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করেছে এবং যাত্রী নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে তাঁর বাহিনী সচেষ্ট আছে। তিনি বলেন, পেট্রোলিং বৃদ্ধির পাশাপাশি চিহ্নিত সন্ত্রাসী এবং দুষ্কৃতিকারীদের বিরুদ্ধে রেল পুলিশ অভিযান পরিচালনা অব্যাহত রেখেছে। রেল নিরাপত্তা বাহিনীর চীফ কমান্ড্যান্ট (পূর্ব) বলেন যে, তার বাহিনী স্টেশন, রেল ট্র্যাক, রেল কোচ, ওয়াগন, লোকোমোটিভ প্রভৃতি রক্ষায় নিরাপত্তা বৃদ্ধি করেছেন এবং এ ধারা অব্যাহত থাকবে মর্মে তিনি সভাকে আশ্বস্ত করেন। এ প্রসঙ্গে সভাপতি জানান যে, অত্র মন্ত্রণালয়ের প্রশাসন থেকে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে এবং বাংলাদেশ রেলওয়ে কর্তৃক নিয়মিত ব্লক-চেক পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে নিয়মিত কার্যক্রম গ্রহণ করতে হবে।

০৪। পরিচালক (ট্রাফিক) টিকেট ব্যবস্থাপনায় মাননীয় মন্ত্রীর নির্দেশনা উল্লেখ করে জানান যে, টিকেট কালোবাজারি যাতে না হয়, সেদিকে তার ডিপার্টমেন্ট সজাগ দৃষ্টি রাখছে। তিনি আরও জানান যে, রেলওয়ে স্টেশনসমূহে access control প্রতিস্থাপনের বিষয়ে Tender প্রক্রিয়া চলমান আছে। পরিচালক (ইঞ্জিনিয়ারিং) জানান যে, ৫টি রেলওয়ে স্টেশন তথা ভৈরব, ভেড়ামারা, সিলেট, ব্রাহ্মনবাড়িয়া ও পার্বতীপুরে ফেনসিং (Fencing) করা হয়েছে ও অন্যান্য স্টেশনে কার্যক্রম চলমান রয়েছে। পরিচালক (মেকানিক্যাল) জানান যে, পরিবহণ বিভাগের চাহিদা অনুযায়ী তার বিভাগ সকল কারিগরী সহযোগিতা দিচ্ছে এবং লোকোমোটিভ ও কোচ কারিগরীভাবে ক্রটিমুক্ত রাখার জন্য আনুষঙ্গিক সকল কার্যক্রম তার বিভাগ হাতে নিয়েছে এবং অব্যাহত রাখবে।

০৫। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ৫.১ | চিহ্নিত সন্ত্রাসী/দুষ্কৃতিকারীদের বিরুদ্ধে অভিযান অব্যাহত রাখতে হবে। এ সংক্রান্ত মাসিক প্রতিবেদন পরিসংখ্যানসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | (১) অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ হেডকোয়ার্টার্স<br>(২) চীফ কমান্ড্যান্ট (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী |
| ৫.২ | যাত্রীদের জানমালের নিরাপত্তা জোরদার করতে হবে | (১) অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ হেডকোয়ার্টার্স<br>(২) চীফ কমান্ড্যান্ট (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী |

| | | |
|---|---|---|
| ৫.৩ | মোবাইল কোর্ট বড় বড় স্টেশনে দিনব্যাপী পরিচালনা করতে হবে যাতে জনসচেতনতা বৃদ্ধি পায়। বাংলাদেশ রেলওয়ে কর্তৃক ব্লক চেক অব্যাহত রাখতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেনসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | (১) অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা<br>(২) অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা |
| ৫.৪ | মোবাইল কোর্ট পরিচালনা কালে রেলওয়ে নিরাপত্তা বাহিনী, রেলওয়ে পুলিশ বাহিনী এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণের নিরাপত্তা বিষয়ে তৎপর থাকবে এবং সর্বিক সহযোগীতা প্রদান করবে। | (১) অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ হেডকোয়ার্টার্স<br>(২) চীফ কমান্ড্যান্ট (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী |
| ৫.৫ | রেলওয়ে স্টেশন ও ট্রেনে অজ্ঞানপাটি, মলমপাটি, হকার, ভিক্ষুক, হিজড়াদের উৎপাত ও ট্রেনে পাথর নিক্ষেপ বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ হেডকোয়ার্টার্স<br>(২) চীফ কমান্ড্যান্ট (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী<br>(৩) পরিচালক (ট্রাফিক), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা |
| ৫.৬ | ট্রেনের ছাদে যাত্রী ওঠা বন্ধ করতে হবে। যাত্রীদের ছাদে উঠা রোধকল্পে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তার প্রতিবেদনসহ উপস্থিত থাকতে হবে। | (১) অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ হেডকোয়ার্টার্স<br>(২) চীফ কমান্ড্যান্ট (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী |
| ৫.৭ | লোকোমোটিভ এবং কোচ কারিগরীভাবে ত্রুটিমুক্ত রাখতে হবে | পরিচালক (মেকানিক্যাল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা |
| ৫.৮ | যে সকল রেলওয়ে স্টেশনে Access Control এর টেন্ডার Processing এর কাজ চলছে সে সকল তথ্য এবং নিরাপত্তা বেষ্টনীর (fencing) কার্যক্রমের অগ্রগতির বিষয়ে হালনাগাদ তথ্য পরবর্তী সভায় প্রদান করতে হবে। | পরিচালক (প্রকৌশল/ট্রাফিক/মেকানিক্যাল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা |

০৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৪।১১।১৮

মোঃ মজিবুর রহমান
অতিরিক্ত সচিব

অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে ২৯.১০.২০১৯ তারিখ সকাল ১০.৩০ টায় অনুষ্ঠিত সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ:

| ক্রম | নাম ও পদবি | মন্ত্রণালয়/দপ্তর | ফোন / মোবাইল নম্বর+ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | | | | |
| ২ | মো: [illegible]<br>চীফ কমান্ড্যান্ট (পাঃ) | বি আর: | 01711506125 | [illegible] ২৯/১০/১৯ |
| ৩ | মোহাম্মদ সফিকুর রহমান<br>পরিচালক ([illegible]) | বিআর: | 01711691613 | ২৯/১০/১৯ |
| ৪ | মো: গোলাম মোস্তফা<br>পরিচালক (মেকানিক্যাল) | বি আর: | 01711-691657 | [illegible] 29.10.19 |
| ৫ | [illegible] বিনতে ইসলাম | বি আর: | 01711-691642 | [illegible] ইসলাম ২৯/১০/১৯ |
| ৬ | মো: [illegible]<br>উপসচিব [illegible]<br>[illegible] | [illegible] | 01711-073799 | [illegible] |
| ৭ | মো: ইকবাল হোসেন<br>চীফ কমান্ড্যান্ট/[illegible] পূর্ব | বি আর | 01711806128 | [illegible] |